

সেট কোড বিভ্রাট : দায়ী পরিদর্শকদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হচ্ছে : শিক্ষা বোর্ড

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক বৃহস্পতিবার বলেছে ১৯৯৬ সালের এসএসসি পরীক্ষাতেও সেট কোড পূরণে যে ভুল হয়েছে তার জন্য পরীক্ষার্থী ও পরিদর্শক উভয়েই দায়ী। এই কারণে দায়ী পরিদর্শকদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ ইতিমধ্যে গৃহীত হয়েছে।

বৃহস্পতিবার এক বিবৃতিতে বোর্ড কর্তৃক বলেছে এসএসসি পরীক্ষায় সেট কোড পূরণে ভুল হওয়ার কারণে কিছুসংখ্যক পরীক্ষার্থীর ফল বিপর্যয়ের বিষয়ে বিভিন্ন পত্রপত্রিকায় প্রকাশিত নানা ধরনের মন্তব্যের প্রতি কর্তৃপক্ষের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এ প্রেক্ষিতে বোর্ড কর্তৃক তাদের বিবৃতিতে বলেছে।

পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে গোপনীয়তা রক্ষা, দুর্নীতি রোধ, স্বল্প সময়ে ফলাফল প্রকাশ তথা দেশের ছাত্র-ছাত্রীদের স্বার্থে শিক্ষা বোর্ড কম্পিউটার পদ্ধতি অবলম্বন করেছে।

কম্পিউটার পদ্ধতির জন্য পরীক্ষার্থীদের স্বাভাবিকভাবেই এসআইএফ/ওএমআর ফর্ম এবং নৈব্যক্তিক উত্তর

পত্রের সংশ্লিষ্ট ছক পূরণ করতে হয়। এই বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ এবং তাদের মাধ্যমে পরীক্ষার্থীদের বিস্তারিতভাবে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

বিভিন্ন ফর্ম এবং নৈব্যক্তিক উত্তরপত্রের সংশ্লিষ্ট ছক পূরণ করার দায়িত্ব পরীক্ষার্থীদের এবং পরিদর্শকবৃন্দকে ভালোভাবে তথ্যাদি যাচাই করে নিশ্চিত হয়ে উত্তরপত্রে স্বাক্ষর করতে হয়। কোন পরীক্ষার্থী ছক পূরণে (বড় ভরাটে) ভুল করলে এবং তা পরিদর্শকের নজর এড়িয়ে গেলে স্বাভাবিকভাবে পরীক্ষার্থীদের জন্য বিপর্যয়ের কারণ ঘটে। এজন্য পরীক্ষার্থী এবং পরিদর্শক উভয়েই দায়ী।

বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত সংবাদ, নিবন্ধ ইত্যাদিতেও একথা স্বীকার করা হয়েছে যে পরীক্ষার্থীদের সেট কোড পূরণে ভুলের কারণে স্বাভাবিক ফল বিপর্যয় ঘটেছে। শুধু সেট কোড নয়, অন্যান্য উল্লেখযোগ্য তথ্য-কলাম যেমন রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ইত্যাদি ঘর যথাযথ পূরণ না করলেও একইভাবে ফলাফল নির্ধারণে জটিলতার সৃষ্টি হবে।